

সেভ ফর কলেজ প্রোগ্রাম-এর মৌলিক তথ্য

NYC Kids RISE এর সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program) পরিবার, স্কুল ও কমিউনিটিগুলিকে তাদের সন্তানের ভবিষ্যতের জন্য সঞ্চয় ও বিনিয়োগ করতে একসঙ্গে কাজ করার একটি উপায় প্রদান করে। এটি একটি স্কলারশিপ এবং সেভিংস কর্মসূচি যা সরকারী স্কুলের শিক্ষার্থীদের জন্য কলেজ ও কেরিয়ার প্রশিক্ষণকে আরও সহজলভ্য ও অর্জনসাধ্য করে তোলার জন্য পরিকল্পনা করা হয়েছে।

কারা অংশগ্রহণ করতে পারে?

2022-2023 স্কুল বর্ষ* পর্যন্ত, NYC সরকারী স্কুলে (অংশগ্রহণকারী চার্টার স্কুল সহ) কিন্ডারগার্টেন ও প্রথম শ্রেণীতে ভর্তি থাকা শিক্ষার্থীরা অংশগ্রহণ করার জন্য যোগ্য, তাদের আয় বা অভিবাসনের অবস্থা যাই হোক না কেন।

আপনি কীভাবে অংশগ্রহণ করবেন?

আপনার সন্তান যোগ্য হলে, তাকে আপনা থেকেই সেভ ফর কলেজ প্রোগ্রামে প্রোগ্রাম-এ নথিভুক্ত করা হবে এবং সে বিনামূল্যের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পাবে, যদি না আপনি অংশগ্রহণ না করার এবং অপ্ট-আউট করার সিদ্ধান্ত নেন।

এটি কেন তৈরি করা হয়েছিল?

যাতে প্রতিটি NYC সরকারী স্কুলের শিক্ষার্থী বড় স্বপ্ন দেখতে পারে, আর্থিক সম্পদ তৈরি করতে পারে যা তাদের কলেজ ও কেরিয়ার প্রশিক্ষণের জন্য ব্যবহার করা যেতে পারে, এবং চলার পথে তাদের কমিউনিটির কাছ থেকে সহায়তা পেতে পারে।

এটি কীভাবে কাজ করে?

কর্মসূচিটি পরিবার, স্কুল এবং কমিউনিটিগুলিকে তাদের সন্তানদের ভবিষ্যতের জন্য একসাথে একটি ভিত্তি তৈরি করার অনুমতি দেয়:

- **প্রতিটি অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট প্রদান করা**
সকল শিক্ষার্থী তাদের হয়ে NYC Kids RISE দ্বারা প্রদত্ত একটি \$100 প্রাথমিক বরাদ্দ সহ একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট পায় এবং সময়ের সাথে অতিরিক্ত পুরস্কার পাওয়ার সুযোগও পায়।
- **পরিবারগুলিকে তাদের নিজস্ব সঞ্চয় পরিকল্পনা তৈরি করতে সরঞ্জাম ও তথ্য দিয়ে সহায়তা করা**
পরিবারগুলি তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করার পরে, সন্তানের সুবিধার জন্য তাদের মালিকানাধীন একটি কলেজ ও কেরিয়ার সেভিংস অ্যাকাউন্ট খুলতে এবং সংযুক্ত করতে পারে। তারপর, পরিবারগুলি এমন উপায়ে এবং পরিমাণে অর্থ সঞ্চয় করা শুরু করতে পারে যা তাদের আর্থিক অবস্থার জন্য যুক্তিযুক্ত হয়।
- **তাদের সন্তানদের NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলিতে বিনিয়োগ করার জন্য কমিউনিটিগুলিকে একসাথে কাজ করতে উৎসাহিত করা**
ব্যবসা, সংস্থা, প্রতিষ্ঠান, এবং অন্যান্য ব্যক্তির কমিউনিটি স্কলারশিপ-এর মাধ্যমে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এ অবদান রাখতে পারে। এই অবদানগুলি শিক্ষার্থীদের অ্যাকাউন্টে থাকা অর্থ বৃদ্ধি করে এবং প্রতিটি শিশুর সাফল্যের জন্য কমিউনিটি-ব্যাপী সহায়তা প্রদর্শন করে।
- **কলেজ ও কর্মজীবনের প্রশিক্ষণে যোগদানের প্রত্যাশাকে শক্তিশালী করা**
স্কুলগুলিতে এবং আশেপাশের এলাকাগুলি জুড়ে মাইলস্টোন ইভেন্ট, কার্যকলাপ এবং প্রচারাভিযানগুলি শিক্ষার্থীদের তাদের ভবিষ্যতের জন্য কী সম্ভব তা কল্পনা করতে সাহায্য করে।
- **ক্লাসরুমে আর্থিক শিক্ষা শেখানো**
শিক্ষার্থীরা বয়সোপযোগী আর্থিক শিক্ষা পায় যা কিন্ডারগার্টেন থেকে শুরু হয়।

*যেহেতু এই কর্মসূচিটি 2017 সালে শুরু করে ভৌগোলিক স্কুল ডিসট্রিক্ট 30-এ মডেল হিসাবে আরম্ভ করা হয়েছিল, তাই 39 টি পাইলট স্কুলের কিন্ডারগার্টেন থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রতিটি শিক্ষার্থী অংশগ্রহণ করার জন্য যোগ্য।



আরও জানুন: আপনার সন্তানের স্কুলের সাথে কথা বলুন; 833-543-7473 নম্বরে, info@nyckidsrise.org-এ NYC Kids RISE-এর সাথে যোগাযোগ করুন; nyckidsrise.org দেখুন এবং সোশ্যাল মিডিয়াতে @nyckidsrise ফলো করুন।